

তারিখ : ০৬/১১/২০২০ (পৃ : ০৭)

আমন ধানের ভালো ফলনে খুশি কৃষক

■ ফকিরহাট (বাগেরহাট) সংবাদদাতা
ফকিরহাট উপজেলায় চলতি আমন
মৌসুমে আগাম জাতের ত্রি-৭৫ ধানের
ভালো ফলন হওয়ায় কৃষকের মুখে হাসি
ফুটেছে। বেতাগার চাষি মো. ওহিদ শেখ
বলেন, চলতি মৌসুমে ত্রি ধান-৭৫ লাগান
হয়েছে। আমাদের মাঠে অন্যান্য ধান
কেবল খোড় আসতে শুরু করেছে। আর
ত্রি-৭৫ ধান কাটা শুরু হয়েছে। ফলন
ভালো হয়েছে। উপজেলা কৃষি সম্প্রসারণ
কর্মকর্তা তন্ময় দত্ত জানান, এ উপজেলায় এ মৌসুমে ৪ হাজার ৩৫০ হেক্টর জমিতে আমন ধান
চাষ হয়েছে। ত্রি-৭৫ জাতটি এবার পরীক্ষামূলক এ উপজেলায় ২০ একর জমিতে চাষাবাদ করা
হয়েছে। ফলন হয়েছে অনেক ভালো।

